তারিখ ..24 SEP 2016 ...
পৃষ্ঠা ৩ ... কলাম ২ ... ......

যুগান্তর

# বুয়েট শিক্ষার্থীদের আঁকা চিত্রকর্ম প্রদর্শনী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) শুরু হয়েছে তিন দিনব্যাপী চিত্রকর্ম প্রদর্শনী। শনিবার থেকে শুরু হওয়া এ প্রদর্শনী চলবে রোববার রাত ৮টা পর্যন্ত। বুয়েটের শিক্ষার্থীদের আঁকা ছবি নিয়ে দ্বিতীয়বারের মতো প্রদর্শনীর আয়োজন করেছে চারকোল বুয়েট আর্টিস্ট সোসাইটি। স্কেচ, ডিজিটাল পেইন্টিং, ভাস্কর্য, গ্লাস পেইন্টিং, ওয়াটার কালারে আঁকা শতাধিক ছবি স্থান পেয়েছে এ প্রদর্শনীতে।

শুক্রবার বিকালে বুয়েট অডিটোরিয়ামে প্রদর্শনীর উদ্বোধন করেন স্থপতি মোবাশ্বের হোসেন। সংগঠনটির সভাপতি তানভীর ইমতিয়াজ লিমনের সভাপতিত্বে এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন চারকোলের মডারেটর ও বুয়েটের পানিসম্পদ প্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক সাব্বির মোস্তফা খান ও স্থাপত্য বিভাগের সহকারী অধ্যাপক শামীম আরা হক, সংগঠনের সাধারণ সম্পাদক শামীম আরা হক শশী প্রমুখ।

অনুষ্ঠানে স্থপতি মোবাশ্বের হোসেন বলেন, উন্নত বিশ্বের বিশ্ববিদ্যালয়গুলোতে বিজ্ঞান শিক্ষার্থীদেরও মানবিক বিষয়গুলো পড়ানো হয়। আমাদের দেশের প্রকৌশল বিশ্ববিদ্যালয়গুলো মানবিক বিষয়গুলো সেভাবে পড়ানো হয় না। অথচ মানবিক বিষয় না পড়ালে মানুষ নিজের অজান্তেই অমানুষ হয়ে যাবে। তিনি বলেন, জন্মগতভাবেই মানুষের মাঝে শৈল্পিক গুণ থাকে। সেই গুণকে কাজে লাগিয়ে সত্যিকারের মানুষ গড়ে তুলতে হবে। বর্তমানে সত্যিকার মানুষ তৈরি হচ্ছে না, টাকা উৎপাদনের মানুষ তৈরি হচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।